

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৯.২০২২. ৪৩২


তারিখ: ২৬ মে ১৪৩০ বঙ্গাব্দ
৩২ জ্যৈষ্ঠ ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোহা: আব্দুল বারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ কর্মকালীন ১৪/০৩/২০১৭ তারিখের ৩৭.০২.৪৪৭১.০০০.০০.২৬৫.২০১৭.১০০ নং স্মারকের পত্রে ২৬ শে মার্চ ২০১৭ উদযাপনের লক্ষ্যে তাহার আওতাধীন প্রতিষ্ঠান প্রতি ৫০০/- টাকা চাঁদা ধার্য করে তাহার কার্যালয়ে জমা দেওয়ার নির্দেশ প্রদান করে অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারদের পত্র প্রেরণ করেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান ঠিকানা:

জনাব মোহা: আব্দুল বারী
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মোহা: আব্দুল বারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ কর্মকালীন ১৪/০৩/২০১৭ তারিখের ৩৭.০২.৪৪৭১.০০০.০০.২৬৫.২০১৭.১০০ নং স্মারকের পত্রে ২৬ শে মার্চ ২০১৭ উদযাপনের লক্ষ্যে তাহার আওতাধীন প্রতিষ্ঠান প্রতি ৫০০/- টাকা চাঁদা ধার্য করে তাহার কার্যালয়ে জমা দেওয়ার নির্দেশ প্রদান করে অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারদের পত্র প্রেরণ করেন;

জনাব মোহা: আব্দুল বারী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ, (প্রাক্তন: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ) এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


৩০/০৩/১৭
(সোলেমান খান)
সচিব